CAREERINDIA

# SAMPLE QUESTION PAPER

# MARKING SCHEME

# CLASS - X

# SUBJECT - BENGALI

# CODE - (005)

# SESSION - 2019 - 2020

www.careerindia.com

CAREERINDIA

প্রশ্নপত্রে চারটি বিভাগ আছে ঃ

‘ক’ বিভাগ - বোধপরীক্ষণ

‘খ’ বিভাগ - নির্মিতি.

‘গ’ বিভাগ - ব্যাকরণ

‘খ’ বিভাগ - সাহিত্য ও সহায়ক পাঠ

The Question Paper is divided into four Sections

SECTION - A : Reading (Comprehension)

SECTION - B : Writing (Composition)

SECTION - C : Grammar

SECTION - D : Literature (Text books & Supplementary Readers)

www.careerindia.com

CAREERINDIA

# Class - X (2019 - 20)
# Subject - Bengali

সময় - ৩ ঘন্টা | সর্বমোট অঙ্ক - ৮০

*Time : 3 Hrs.* | *Maximum Marks - 80*

**Q. No.** | **Expected Answers / Value Points** | **Distribution of Marks**

## Section - A (Reading Comprehension)

### বোধ পরীক্ষণ

1. অনুচ্ছেদ পড়ে প্রশ্নোত্তর। চারটি প্রশ্নের উত্তর অনুচ্ছেদ পড়ে লিখতে হবে। শেষ প্রশ্নের উত্তর ব্যাকরণ ভিত্তিক। 1+1+1+1+1 = 5

অনুচ্ছেদ অনুসরণে নিজের ভাষায় সঠিক উত্তর লিখলে,

**অথবা**

সরাসরি অনুচ্ছেদ থেকেই প্রাসঙ্গিক বাক্য তুলে দিলে,

**অথবা**

কেবলমাত্র সংকেত শব্দ / শব্দগুচ্ছ লিখলেও পুরো নম্বর।

উত্তর সংকেত ঃ

a) মহর্ষি দেবেন্দ্রনাথ ঠাকুরের খাজাঞ্চির কাজ করতেন ।

b) হরিচরণ বন্দ্যোপাধ্যায়।

c) বাংলায় একখানি অভিধান

d) হরিচরণ বন্দ্যোপাধ্যায়

e) ভবিষ্যৎ জীবনে যা কিছু বিদ্যালাভ হয়েছিল, এই বৃত্তিই তার ভিত্তি।

2. 1 নং প্রশ্নের অনুরূপ। 1+1+1+1+1 = 5

উত্তর সংকেত ঃ

a) তাকে দেখতে ছোটো, রোগা, ময়লা, মাথার চুল কদম ফুলের মত ছাঁটা।

b) ঢিলে পাজামার ওপর জিনের কোট আর পায়ে নোংরা নাগরা।

c) কোন এক পল্টনে ।

d) তেরো বছর ।

www.careerindia.com

CAREERINDIA

e) বাক্য রচনা - অর্থ বুঝিয়ে সঠিক ভাবে প্রয়োগ করতে পারলে ১ নম্বর।

3. 1 নং প্রশ্নের অনুরূপ । 1+1+1+1+1 = 5

a) শরৎকালের কথা বলা হয়েছে ।

b) পশ্চিমের দেয়ালে ঘুঁটে দিচ্ছে।

c) হরিবাবুর ছেলে আর মেয়ের তারস্বরে পড়ার শব্দ আসছে।

d) কবিতা লেখা

e) সৎ + ভাব

**Section - B**

নির্মিতি (রচনা)

**Writing (Composition)**

4. পত্র রচনা ঃ ছোট ভাই অথবা বন্ধুকে 2+3 = 5

অবয়র সংস্থানে তারিখ, প্রেরকের ঠিকানা বা স্থান সম্বোধন ও সমাপ্তিসূচক পদ ও পত্রের শেষে স্বতন্ত্রভাবে প্রাপকের নাম ঠিকানা দিতে পারলে পুরো 2 নম্বর দেওয়া হবে।

পত্রের বিষয়বস্তুর জন্য 3 নম্বর ।

বক্তব্য ঠিক থাকলে অন্তত 2 নম্বর ।

দক্ষতা ও ব্যক্তিগত পত্রের সুরটি বজায় থাকলে পুরো 3 নম্বর দেওয়া যাবে।

5. অনুচ্ছেদ রচনা ঃ 5

অনুচ্ছেদ রচনার ক্ষেত্রে উপস্থাপনা 1 নম্বর

বিষয় বস্তু - 3 নম্বর ও ভাষার দক্ষতা 1 নম্বর এই বিষয়গুলি সঠিক ভাবে লিখতে পারলে অনুচ্ছেদটি পরিপূর্ণ বলে ধরা যেতে পারে।

**Section - C**

ব্যাকরণ

**(Grammar)**

6. সন্ধি করা বা সন্ধি বিচ্ছেদের ক্ষেত্রে সঠিক উত্তরটি লিখতে পারলেই 1 নম্বর । আটটির মধ্যে পাঁচটি উত্তর লিখতে হবে। 1+1+1+1+1 = 5

উত্তর সংকেত ঃ

www.careerindia.com

i) জগৎ + জননী

ii) পুরস্কার

iii) ষন্মাস

iv) নিঃ + তার

v) চর্তুবেদ

vi) অহম্ + কার

vii) মিশ্‌কালো

viii) যত + দিন

7. সমাসের ক্ষেত্রে ব্যাসবাক্য এবং সমাসের নাম সঠিক লিখলেই 1 নম্বর। 1+1+1+1+1 = 5

সমাসের নাম সঠিক লিখেছে অথচ ব্যাসবাক্য ভুল অথবা সমাসের নাম ভুল ব্যাসবাক্য সঠিক লিখেছে, সেক্ষেত্রে (0.5) দেওয়া হবে। আটটির মধ্যে মোট পাঁচটির উত্তর লিখতে হবে।

উত্তর সংকেত

মিষ্টান্ন - মিষ্ট যে অন্ন (সাধারণ কর্মধারয়)

দুর্ভিক্ষ - ভিক্ষার অভাব (অব্যয়ীভাব)

যথারীতি - রীতিকে অতিক্রম না করে (অব্যয়ীভাব)

জীবনযুদ্ধ - জীবন রূপ যুদ্ধ (রূপক কর্মধারয়)

উপগ্রহ - ক্ষুদ্র গ্রহ (অব্যয়ীভাব)

গুরুশিষ্য - গুরু ও শিষ্য (দ্বন্দ্ব)

ছাত্রজীবন - ছাত্র কালীন জীবন (মধ্যপদলোপী কর্মধারয়)

গানবাজনা - গান ও বাজনা (দ্বন্দ্ব)

8. নির্দেশ অনুসারে বাক্য সঠিক লিখলেই 1 নম্বর। মোট পাঁচটি উত্তর লিখতে হবে।

www.careerindia.com

CAREERINDIA

1+1+1+1+1 = 5

উত্তর সংকেত ঃ

a) অক্লান্ত পরিশ্রমী ব্যক্তিই সাফল্য পায়।
b) যিনি বিদ্বান ব্যক্তি তাঁকে সকলেই শ্রদ্ধা করে।
c) সে বাড়ি গেল এবং মাকে সব কথা বলল।
d) যদিও তিনি ক্রুদ্ধ হন তবুও সেই ক্রোধ অধিকক্ষণ থাকে না।
e) ভাল খেললেও তারা জয়লাভ করতে পারল না।
f) সন্ধে হল এবং হরিহরকে জিনিসপত্র নিয়ে বাইরে যেতে হল।
g) জঙ্গলে আগুন লাগলে হয় মজা।

9. নির্দেশ অনুসারে সাধু অথবা চলিত রীতিতে সঠিক ভাবে পরিবর্তন করলেই 1 নম্বর। মোট পাঁচটি উত্তর লিখতে হবে । 1+1+1+1+1 = 5

a) মাঠের পথে দলটি গাঁয়ে ফিরিয়া চলিয়াছে।
b) সেই সময় রাজা মান ঘোড়ায় চড়িয়া সেই রাস্তায় উপস্থিত হইলেন।
c) অপু মায়ের কোলে এসে বসে পড়ে।
d) যাত্রীরা সকলেই জিজ্ঞাসা করে উঠল-কী ! কী !
e) রাস্তা বন্ধ করিতে পারিল না কোম্পানি।
f) আমি দাঁড়িয়ে কবির কাণ্ড অনেকক্ষণ দেখলাম ।
g) বালিয় ও দেব বড় বড় হাতি দেখিয়া অবাক হইল।
h) তাঁর সকল কথাতেই আমি রাজী হলাম।

## Section - D
## (Literature)
## সাহিত্য [ পাঠ্যপুস্তক ও সহায়ক গ্রন্থ ]

10. 'তোর জামাটা খুলে আমারটা পর।' 1+1+3 = 5

উত্তর সংকেত

a) পান্নালাল প্যাটেলের লেখা 'অদল-বদল' গল্প ।
b) অমৃত ইসাবকে বলেছে ।
c) অমৃত ইসাব পরস্পরের বন্ধু, সঙ্গী । তাদের বন্ধুত্ব ধর্মের বেড়াজালে আবদ্ধ নয়। তারা দুজনেই উদারমনস্ক। তারা বালক, তাদের মন নিস্পাপ নিষ্কলুষ। তারা একের আনন্দে

www.careerindia.com

CAREERINDIA

অন্যে আনন্দিত হয়ে ওঠে, একের বেদনায় অন্যে পাশে থাকে। তাদের বন্ধুত্ব ঈর্ষনীয়, অবিচ্ছেদ্য।

অমৃত নতুন জামা পরার জন্য মায়ের কাছে বায়না করেছে ঠিকই আবার বাবার মারের হাত থেকে বাঁচাতে নিজেরে ভালো জামাটি পরিয়ে দিয়েছে কোন দ্বিধা না করেই।

**অথবা**

'সেবা করতে বড় ভালোবাসে, ----- যদি অসহায় হয়।'

a) বনফুল (বলাই চাঁদ মুখোপাধ্যায়) এর লেখা 'আলোবাবু' গল্প থেকে।

b) আলোবাবু ।

c) পাখির ছানা ও কুকুরের বাচ্চাটির প্রতি তার সহৃদয়তা ও সেবাপরায়ণতার দিকটি গুছিয়ে লিখলেই 2 থেকে 3 নম্বর দেওয়া হবে।

11. মূল্যয়ণ নীতি

সূত্র নির্ভুল হলে 1 নম্বর।

প্রসংগ উল্লেখ করলেই 1 নম্বর

ব্যাখ্যার জন্য থাকবে 3 নম্বর । নূন্যতম 1 নম্বর এবং বিশ্লেষণ বা উপস্থাপনার মান অনুযায়ী

2 থেকে পুরো 3 নম্বর।

''ধনজন যৌবন ------------- এক একটি বঞ্চনা।''

উত্তর সংকেত ঃ

উৎস - সুবোধ ঘোষের লেখা 'বহুরূপী' গল্পের অংশ।

প্রসংগ - হরিদা বিরাগীর সাজে জগদীশবাবুর বাড়ি গিয়ে জীবন সম্বন্ধে সুগভীর উপলব্ধির প্রসংগে এই কথাগুলো জগদীশবাবুকে বলেছেন।

ব্যাখ্যা - সকল ঐশ্বর্যের রূপকার ঈশ্বরকেই বিরাগী বেশধারী বহুরূপী হরিদা একমাত্র সত্য বলে স্বীকার করেছেন। তাই, পার্থিব ধন-জন-যৌবনকে তিনি সুন্দর এক একটি বঞ্চনা ছাড়া কিছু বলে মানতে চাননি।

**অথবা**

''রত্নের মূল্য জহুরীর কাছেই ।''

www.careerindia.com

CAREERINDIA

উৎস - আশাপূর্ণা দেবীর লেখা 'জ্ঞানচক্ষু' গল্পের অংশ।

প্রসংগ - তপনের লেখাগল্পের প্রকৃত মূল্যায়ন তার লেখক মেসোই করতে পারবেন - এই প্রসংগে তপনের এই কথাটি মনে হয়েছে।

ব্যাখ্যা - এক্ষেত্রে 'রত্ন' বলতে তপনের লেখা গল্প ও 'জহুরী' বলতে লেখক মেসোকে বোঝানো হয়েছে । একজন দক্ষ জহুরী যেমন সোনা ও রত্নের আসল নকল সহজেই নির্বাচন করেত পারে, তেমনি একজন লেখকই পারেন গল্পের প্রকৃত মূল্যায়ণ করতে। এই অর্থেই মেসোকে তপনের জহুরী বলে মনে হয়েছে।

12. পাঠ্য গদ্যাংশ থেকে নির্বাচনমূলক প্রশ্নোত্তর (MCQ) (যে কোন পাঁচটি) $1\times5 = 5$

উত্তর ঃ

a) i) ইসাবের মতো তাকেও বাবার কছে মার খেতে হবে।

b) ii) আট টাকা দশ আনা।

c) iii) বিয়ে উপলক্ষ্যে।

d) i) জগদীশ বাবু।

e) iii) তপনের।

f) ii) স্কুলে।

g) i) মেজোকাকু

h) ii) সাতদিন

13. পাঠ্য কবিতা থেকে সপ্রসঙ্গ ব্যাখ্যা । (একটি) 5

'বনভূমির ওপারে কোনো মনোভূমির দ'য় -

স্বপ্নে কথা কয়।

উত্তর সংকেত ঃ

উৎস ঃ 'তিন পাহাড়ের কোলে' - শক্তি চট্টোপাধ্যায়।

প্রসঙ্গ ঃ শহরের ব্যস্ততা থেকে বেরিয়ে প্রকৃতির নির্জনতার মধ্যে কবির মানসিক বিকাশ ।

ব্যাখ্যা ঃ ট্রেন থেকে নেমে দেখলেন, চোখ জুড়ানো সবুজ কোলাহলহীন, মুক্ত জীবনের স্বাদে ভরা, এক পরম আকাঙ্খিত দেশে যেখানে সহজ করে বাঁচা যায় ও প্রকৃতির কোলে যথার্থ মনের বিকাশ হয়।

**অথবা**

www.careerindia.com

CAREERINDIA

তোমার পানি ..... একাকারে ভরে নিই।

উৎস ঃ একাকারে, সুভাষ মুখোপাধ্যায়।

প্রসঙ্গ ঃ জাতি ধর্ম নির্বিশেষে পৃথিবীর সকল মানুষের ঐকান্তিক প্রার্থনা।

ব্যাখ্যা ঃ জল যেমন তার জীবনদায়ী ধর্ম থেকে কখনো বিচ্যুত হয় না ; তেমনি একজন মাও জাতি ধর্ম নির্বিশেষে সন্তানের মঙ্গল কামনায় সদা জাগরুক।

সূত্র নির্ভুল হলে 1 নম্বর।

প্রসঙ্গ উল্লেখ করলেই 1 নম্বর।

ব্যাখ্যার জন্য 3 নম্বর। ন্যূনতম 1 নম্বর।

উপস্থাপনার মান অনুযায়ী 2 থেকে 3 নম্বর।

14. পাঠ্য কবিতা থেকে উদ্ধৃতি ভিত্তিক প্রশ্ন। 5

''বর্ম খুলে দ্যাখো আদুড় গায়ে''

উত্তর সংকেত ঃ

a) 'জয় গোস্বামী'', 'অস্ত্রের বিরুদ্ধে গান।' 1

b) 'নগ্ন' বা নিরাবরণ / উন্মুক্ত। 1

c) অস্ত্রধারী, আগ্রাসী, অত্যাচারী মানুষ ক্ষমতার দম্ভ লোভ আগ্রাসন - বিবেকহীনতার অদৃশ্য বর্ম পরে থাকে, কবি তাদের অস্ত্র ত্যাগ করে বর্ম খুলে মুক্ত দৃষ্টিতে গানকে সঙ্গে নিয়ে জগৎ ও জীবনের ইতিবাচক দিকটি পর্যবেক্ষণ করতে বলেছেন। কথাগুলি গুছিয়ে লিখলে 2 থেকে 3 নম্বর।

**অথবা**

'আমরা ভিখারি বারোমাস।'

উত্তর সংকেত ঃ

a) শঙ্খ ঘোষ, 'আয় আরো বেঁধে বেঁধে থাকি।' 1

b) যুদ্ধবিধ্বস্ত, আশ্রয়চ্যুত, সর্বহারা, মেহনতি মানুষ। 1

c) সাম্রাজ্যবাদী রাষ্ট্রশক্তি পারস্পরিক যুদ্ধে অথবা দুর্বল রাষ্ট্রে অধিকার কায়েমের জন্য সাধারণ মানুষের জীবন বিপন্ন করে, সাধারণ মানুষ আশ্রয় ও জীবিকা হারিয়ে ভিখারিতে পরিণত হয়।

www.careerindia.com

CAREERINDIA

15. 'রাজকাহিনি' থেকে উদ্ধৃতি ভিত্তিক প্রশ্ন। 1+2+2 = 5

'তুমি দীর্ঘজীবি হও, পৃথিবীর রাজা হও।'

উত্তর সংকেত ঃ

a) মহর্ষি হারীত। 1

b) বাপ্পাদিত্যকে বলেছেন। ½

মহাপ্রস্থানের দিন বাপ্পাদিত্যের ধবলী গাইয়ের গাঢ় দুধ পান করে সন্তুষ্ট হলে মহর্ষি হারীত একথা বলেন। 1½

c) ভগবতী ভবানীর খাঁড়া, অক্ষয় ধনুঃশর। ভগবান একলিঙ্গের শ্বেতপাথরের মূর্তি; ও নিজের হাতে বাপ্পার গলায় চামড়ার পৈতে জড়িয়ে দেন। 2

**অথবা**

''প্রথমে দিনকতক ---------- কেঁদে কাটালেন।''

a) বল্লভীপুরের সূর্যমন্দিরের পুরোহিত।

b) গুর্জর দেশের বেদবিদ ব্রাহ্মণ দেবাদিত্যের একমাত্র কন্যা। অপূর্ব সুন্দরী, সুলক্ষণা, কিন্তু, বিয়ের রাতে বিধবা হওয়ার কারণে দুর্ভাগী বলে তাকে সকলে বাড়ি থেকে তাড়িয়ে দেয়। এতদিন মায়ের আশ্রয়ে ছিল, কিন্তু মা মারা যাওয়ায় সে নিতান্ত একা হয়ে পড়ে ও সূর্যমন্দিরে এসে আশ্রয় প্রার্থনা করে।

c) প্রথমে কান্নাকাটি করেন, তারপর জঙ্গল পরিষ্কার, ফল-ফুলের গাছ লাগানো, মন্দিরের পাথরে দেওয়াল মেজে-ঘষে তার গায়ে লতা ফুল ইতিহাসের পট ইত্যাদি লিখে দিন কাটাতেন। এগুলি গুছিয়ে লিখতে হবে।

16. সহায়ক পাঠ থেকে নির্বাচন মূলক প্রশ্ন (MCQ) 1×5 = 5

a) থেকে (i) পর্যন্ত যে কোন পাঁচটি বেছে লিখতে হবে। প্রতিটি 1 নম্বর

উত্তর ঃ

a) i) বল্লভীপুর

b) iii) আটপুরুষ

c) iii) সাত ঘোড়ার রথে চড়ে

d) i) মাণ্ডলিক নিঃসন্তান ছিলেন

e) i) কমলাবতী

f) i) বালা

www.careerindia.com

g) ii) চন্দ্রাবতী

h) iii) দশবছর

www.careerindia.com